

স্বাক্ষরিত  
১৫/০৫/১৯



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: ...:স্মা:/০৫বি:/...:স্মা/প.উ.স্মা-০২/৭৩ (২০০)

তারিখ: ০৫/০৬/২০১৯

**বিষয়: ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ০১ এপ্রিল ২০১৯ সোমবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ১০ টায় রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা থেকে সরবরাহ করা হবে। তাঁকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ কলেজের একজন সিনিয়র শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা থেকে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। পিয়ন বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবেনা। শিক্ষক প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ছবিসহ নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পণপত্র এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত অধ্যক্ষগণের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে ছবি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ কলেজের সিনিয়র শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের কাছ থেকে ছবি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না।

- ১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি রাজশাহী শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে।
- ২। কেন্দ্রে পৌঁছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনাপূর্বক ৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- ৩। উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতিপূরণ আদায় করা হবে। উদ্ধৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোনক্রমেই রেলওয়ে পার্সেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।
৪. উপকরণাদি গ্রহণকারী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গ্রহণকৃত উপকরণাদি চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।
৫. সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, সোনালী সেবার মাধ্যমে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপর্যুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও, কোন ক্রমেই স্ট্যাম্পার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ক্রটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।

**বিঃদ্র:** কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ছাড়া অন্য কোন তারিখে মালামাল বিতরণ ও গ্রহণ করা হবে না। অতিরিক্ত খাতা/উপকরণাদির বস্তা/বস্তাসমূহ/প্যাকেট সমূহ কেন্দ্র সচিব আলাদাভাবে (বিশেষভাবে) সংরক্ষণ করবেন। জরুরী প্রয়োজন ব্যতীত উল্লিখিত বস্তা/প্যাকেট অক্ষত অবস্থায় রাখবেন।

